



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ১৬.১১.২০২১

কথাসাহিত্যিক হাসান আজিজুল হকের প্রয়াণে বাংলা একাডেমির শোকবাণী

বাংলা সাহিত্যের বরণ্য কথাসাহিত্যী, প্রাবন্ধিক এবং বাংলা একাডেমির ফেলো অধ্যাপক হাসান আজিজুল হক গতকাল ১৫ই নভেম্বর ২০২১ রাজশাহীতে প্রয়াত হয়েছেন।

হাসান আজিজুল হক বাংলা কথাসাহিত্যে তাঁর অনন্যসাধারণ ছোটগল্পের মধ্য দিয়ে সংযোজন করেছেন নতুন অধ্যায়। তাঁর ছোটগল্পে অসাধারণ শিল্পব্যঞ্জনায় ভাস্বর হয়েছে বাংলার মেহনতি মানুষের মন ও মুখচ্ছবি। ছোটগল্পের পাশাপাশি তাঁর উপন্যাস এবং উপন্যাসিকায় দেশভাগের বেদনাদায়ক বাস্তবতা ফুটে ওঠেছে। শিক্ষিকেশোর-সাহিত্য, প্রবন্ধ-নিবন্ধ এবং দর্শন বিষয়ক রচনাতেও তিনি বিশিষ্টতার স্বাক্ষর রেখেছেন।

বাংলা একাডেমির ঘনিষ্ঠ সুহৃদ ছিলেন হাসান আজিজুল হক। বাংলা একাডেমি থেকে প্রকাশিত হয়েছে হাসান আজিজুল হকের জীবনীগ্রন্থ *সক্রেনটিস*, গল্পের অনুবাদ-সিলেক্টেড *স্টোরিজ* এবং সম্পাদিত সংকলন *গোবিন্দচন্দ্র দেব রচনাবলি*।

বাংলা একাডেমি হাসান আজিজুল হকের প্রয়াণে গভীর শোক প্রকাশ করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি জ্ঞাপন করছে আন্তরিক সমবেদনা।

মুহম্মদ নূরুল হুদা
মহাপরিচালক